অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NYC মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল প্রোডাকশন কর ক্রেডিট কর্মসূচির অধীনে 100,000 ব্রডওয়ে ও অফ-ব্রডওয়ে টিকেট বিক্রি উদযাপন করলেন যা নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হয়েছে

NYC মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিট সমর্থিত প্রোডাকশন নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য স্বল্প ও বিনামূল্যে টিকেট প্রদান করে

গভর্নর 2024 অর্থবছরের বাজেটে NYC মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল প্রোডাকশন কর ক্রেডিটের মুখ্য সম্প্রসারণ নিশ্চিত করেছেন যার মধ্যে অফ-ব্রডওয়ে প্রোডাকশন থাকবে

গভর্নর এর পূর্বে ব্রডওয়েকে ফেরত আনা এবং পর্যটনের পুনরুজ্জীবনের জন্য রূপান্তরকারী 450 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করেছেন, যার ফলে 2022 সালে নিউ ইয়র্কে ঐতিহাসিক বেড়ানো ও পর্যটক ব্যয় দেখা গিয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে উদযাপন করলেন যে NYC মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিটে (NYC Musical and Theatrical Production Tax Credit) অংশগ্রহণকারী ব্রডওয়ে এবং অফ-ব্রডওয়ে প্রোডাকশনের 100,000 এর বেশি স্বল্প মূল্যের বা বিনামূল্যের টিকেট উপলভ্য করা হয়েছে। অত্যধিক ছাড়যুক্ত এই টিকেট, যার সর্বনিম্ন মূল্য মাত্র 20 মার্কিন ডলার হতে পারে, সম্প্রদায়ের এমন সদস্যদের কাছে বিক্রি করা হয়েছে যাদের অন্যথায় ব্রডওয়ে বা অফ-ব্রডওয়ে শো দেখার অভিজ্ঞতা পাওয়ার সুযোগ নেই। কর্মসূচিতে 90টির বেশি নাটক ও মিউজিক্যাল অংশগ্রহণ করছে যা কমপক্ষে 1.7 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় এবং 11,000 এর বেশি নিয়োগের প্রতিনিধিত্ব করে।

"নিউ ইয়র্ক একটি ব্লকবাস্টার মাইলফলক স্পর্শ করেছে, শীর্ষ ব্রডওয়ে এবং অফ-ব্রডওয়ে প্রোডাকশনগুলি নিউ ইয়র্কবাসীর জন্য 100,000 এর বেশি ছাড়যুক্ত টিকেট উপলভ্য করেছে," **গভর্নর হোকল বলেন।** "ব্রডওয়ে হলো একটি বৈশ্বিক শিল্প ও সংস্কৃতির কেন্দ্র হিসেবে নিউ ইয়র্কের পরিচিতির কেন্দ্রে অবস্থিত, এবং রূপান্তরমূলক নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিটের মাধ্যমে আমার প্রশাসন এই শিল্পখাতকে সমর্থন করা অব্যাহত রেখেছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের শিল্পসমূহ, বিশেষ করে ব্রডওয়ে ও অফ-ব্রডওয়ে প্রোডাকশন হলো আমাদের বৃহত্তম সম্পদগুলির মধ্যে একটি, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর এর অভিজ্ঞতা নিতে পারা উচিত। আজকে, আমরা ব্রডওয়েয়ের প্রতি, এবং যেই অংশীদারিত্বের কারণে এই আকর্ষণীয় মাইলফলকে পৌঁছানো সম্ভব হয়েছে তার প্রতি আমাদের সম্মান জ্ঞাপন করছি।"

নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিটের অধীনে, ব্রডওয়ে এবং অফ-ব্রডওয়ে প্রোডাকশনসমূহকে অবশ্যই এমন একটি পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে যা নিশ্চিত করবে যাতে তাদের প্রোডাকশন স্বল্প মূল্যে বা বিনামূল্যে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য ও অ্যাক্সেসিবল হয়। টিকেট বিতরণ করার জন্য নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং মিড হাডসন অঞ্চলে নিম্ন আয়ের বাসিন্দাদের সেবাদানকারী সম্প্রদায়ভিত্তিক সংগঠন বা শিক্ষা প্রতিষ্ঠান সনাক্ত করার জন্য প্রোডাকশনসমূহ স্টেটের সাথে সরাসরি কাজ করতে পারে, অথবা থিয়েটার ডেভেলপমেন্ট ফান্ডের (Theatre Development Fund, TDF) মতো একটি তৃতীয় পক্ষের অংশীদারের সাথে কাজ করতে পারে যারা শিক্ষার্থী, ভেটেরান, বয়স্ক নাগরিক, অক্ষমতাসহ ব্যক্তি, এবং অন্যান্য গোষ্ঠীকে স্বল্প মূল্য বা বিনামূল্যে টিকেট প্রদান করবে।

টিকেটকে আরো অ্যাক্সেসিবল করার পাশাপাশি, কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রোডাকশনসমূহের জন্য নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বৈচিত্র্য ও শিল্প কর্মসংস্থান প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করা আবশ্যক হবে। প্রোডাকশনসমূহ দ্য থিয়েটার লিডারশিপ প্রোজেক্ট (The Theatre Leadership Project, TTLP) বা ব্ল্যাক থিয়েটার কোয়ালিশনের (Black Theatre Coalition, BTC) মতো পূর্বে অনুমোদিত আনুষ্ঠানিক ফেলোশিপ কর্মসূচির সাথে কাজ করতে পারবে অথবা বৈচিত্র্যপূর্ণ ব্যাকগ্রাউন্ডের ব্যক্তিরা থিয়েটার শিল্পখাতের কাজ শিখতে পারবে এমন একটি স্বচালিত কর্মসূচি তৈরি করতে নিতে পারবে। এই আবশ্যিকতার মাধ্যমে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের 75 জন ফেলো প্রোডাকশনে চাকরি পেয়েছে।

TDF এর ব্যবস্থাপনা পরিচালক মাইকেল নাউম্যান বলেন, "গভর্নর হোকল ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিটের মাধ্যমে TDF পাসপোর্ট সিরিজ (TDF Passport Series) তৈরি করতে পারা একটি সম্মানের ব্যাপার। সকলের জন্য থিয়েটারকে অ্যাক্সেসিবল করা এবং নতুন দর্শক তৈরি করা হলো TDF এর মিশন। কর্মসূচিটি ঠিক তাই করে, এটি ব্রডওয়ে ও অফ-ব্রডওয়েতে যাওয়ার সামর্থ্য নেই এমন প্রথমবারের মতো থিয়েটার দেখতে যাওয়া নিউ ইয়র্কবাসীকে অবশেষে লাইভ পারফর্ম্যান্স উপভোগ করার একটি সুযোগ প্রদান করে।"

ব্রডওয়ে লীগের প্রেসিডেন্ট শার্লট সেইন্ট মার্টিন বলেন, "অর্থনৈতিক বিকাশ চালনা করতে এবং একই সাথে আমাদের দর্শক ও কর্মীবাহিনীকে বৈচিত্র্যময় করার কাজে গভর্নর হোকল হলেন ব্রডওয়েয়ের সেরা অংশীদার। আমরা ব্রডওয়েতে পর্যটকদের ফেরত আনতে কাজ করছি, এবং দর্শকদের মধ্যে ও মঞ্চের পেছনে কাজ করার জন্য আমরা আমাদের সম্প্রদায়ের আরো সদস্যদের অন্তর্ভুক্ত করছি। সিনেট ও অ্যাসেম্বলির সাথে অংশীদারিত্বে গভর্নর হোকলের প্রয়াসের ফলে আমাদের শোগুলি নিউ ইয়র্কবাসীদের জন্য 100,000 এর বেশি স্বল্প মূল্যের বা

বিনামূল্যের টিকেট প্রদান করছে এবং একই সাথে ব্রডওয়েতে 75টি বৈচিত্র্যময় ফেলোশিপ তৈরি করছে। আমাদের গভর্নরের এই কার্যকর এবং ভারসাম্যপূর্ণ প্রয়াস নিয়ে আমরা অত্যন্ত গর্বিত।"

দ্য থিয়েটার লিডারশিপ প্রোজেক্টের প্রতিষ্ঠাতা ট্র্যাভিস ব্যালেঞ্জার, বারবারা ব্রকোলি, প্যাট্রিক ডেলি, অ্যালেশিয়া পার্কার এবং লইয়া ভোলাক বলেন, "গত তিন বছরে নিউ ইয়র্ক সিটির থিয়েট্রিক্যাল কর্মিবাহিনীর বিকাশে বিভিন্নভাবে আমরা যেই মূল্য যোগ করতে পেরেছি তার জন্য দ্য থিয়েটার লিডারশিপ প্রোজেক্টে কৃতজ্ঞ। NYC মিউজিক্যাল এবং থিয়েট্রিক্যাল কর ক্রেডিট কর্মসূচির সাথে অংশীদারিত্বে আমরা যেই কাজ অর্জন করতে পেরেছি তার জন্য আমরা গর্ব বোধ করছি এবং সামনের দিনে সেই কাজ অব্যাহত রাখতে উন্মুখ। অত্যাবশ্যকীয় এই সমর্থন অব্যাহত রাখার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ।"

ব্ল্যাক থিয়েটার কোয়ালিশনের ওয়ারেন অ্যাডামস এবং টি. অলিভার রেইড বলেন, "3য় বছরের মতো ESD এর সাথে আমাদের কাজ অব্যাহত রাখতে পেরে ব্ল্যাক থিয়েটার কোয়ালিশন আনন্দিত। যখন BTC প্রতিষ্ঠা করা হয়, তখন অভিনয়, গান গাওয়া এবং নৃত্যের সাথে সম্পর্কিত নয় এমন কর্মীবাহিনীর 1 শতাংশের কম কৃষ্ণাঙ্গ পেশাদার ছিলো। কিছু ক্ষেত্রে আমাদের থিয়েটার নির্মাতাদের অর্জিত অভিজ্ঞতা ও ক্যারিয়ার উন্নত হয়েছে, যা BTC এর ফেলোশিপ কর্মসূচি এবং ESD এর সাথে আমাদের অংশীদারিত্বের কারণে সম্ভব হয়েছে।"

অর্থবছর 2024 এর নিউ ইয়র্ক বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল ও থিয়েট্রিক্যাল কর ক্রেডিট কর্মসূচিতে অফ ব্রডওয়ে প্রোডাকশন অন্তর্ভুক্ত করার জন্য একটি মুখ্য সম্প্রসারণ করেন, যা নিউ ইয়র্কের লাইভ বিনোদন অর্থনীতিতে প্রধান অবদান রাখে।

গভর্নর হোকল নিউ ইয়র্কের পারফর্মিং আর্টস খাতকে সমর্থন করতে প্রতিশ্রুতিবোধ আছেন, এটি নিউ ইয়র্কের অর্থনৈতিক এবং সাংস্কৃতিক জীবনের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ, এবং পুরো স্টেটে পর্যটনের একটি মুখ্য চালিকাশক্তি। গত এক বছরে, গভর্নর নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল ফর দ্য আর্টসের (New York State Council for the Arts) মাধ্যমে অলাভজনক সাংস্কৃতিক সংগঠনসমূহকে প্রায় 210 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করেছেন যা স্টেটে বাজেটে নজিরবিহীন তহবিল নিশ্চিত করার কারণে সম্ভব হয়েছে। এপ্রিল মাস থেকে গভর্নর হোকল স্টেটের বৈচিত্র্যময় সৃজনশীল খাতকে জোরদার করার অতি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের অর্থায়নের জন্য নিউ ইয়র্কের শিল্প সংগঠনসমূহের জন্য মোট 132 মিলিয়ন মার্কিন ডলার মূলধন অনুদান ঘোষণা করেছেন, যার মধ্যে সম্প্রদায়ের বিকাশ ও প্লেসমেকিংকে অগ্রাধিকার প্রদানকারী বড় আকারের প্রকল্পসমূহের সমর্থনে 90 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। এছাড়াও গভর্নর 2023 অর্থবছরের বাজেটের মাধ্যমে অতিরিক্ত 76 মিলিয়ন মার্কিন ডলার মূলধন নয় এমন অনুদান প্রদান করেন যা প্রায় 3,000 সাংস্কৃতিক সংগঠন এবং ব্যক্তিগত শিল্পীর জন্য নমনীয় অর্থায়ন প্রদান করেছেন। NYSCA বর্তমানে এর [অর্থবছর 2024 মূল্য প্রকল্প তহবিলের (Capital Projects Fund)] জন্য আবেদনপত্র গ্রহণ করছে, এবং আগামী বছরে অর্থবছর 2024 এর জন্য প্রায় 120 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করবে।

এছাড়াও, 2022 সালে নিউ ইয়র্ক ঐতিহাসিক 291.5 মিলিয়ন মার্কিন ডলার ভ্রমণকারীকে স্বাগত জানিয়েছে যা 78.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রত্যক্ষ ব্যয় সৃষ্টি করেছে এই ঘোষণাটির পর

গভর্নর নিউ ইয়র্কের সমৃদ্ধ পর্যটন শিল্পখাতকে গঠন করার জন্য একটি দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন। পারফর্মিং আর্টসের মতো মহামারী কোভিড-19 দ্বারা সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত হওয়া খাত এবং স্টেটব্যাপী পর্যটনকে সমর্থন করতে গভর্নর 450 মিলিয়ন মার্কিন ডলারের "পর্যটন ফেরত আনুন, চাকরি ফেরত আনুন (Bring Back Tourism, Bring Back Jobs)" পুনরুদ্ধার প্যাকেজ ঘোষণা করেছেন। প্যাকেজে রয়েছে: 200 মিলিয়ন মার্কিন ডলারের সিড অর্থায়নের অনুদান (Seed Funding Grant); 100 মিলিয়ন মার্কিন ডলারের একটি পর্যটন কর্মী পুনরুদ্ধার তহবিল (Tourism Worker Recovery Fund); 100 মিলিয়ন মার্কিন ডলারের একটি পর্যটনে কাজে ফেরা অনুদান কর্মসূচি (Tourism Return-to-Work Grant Program); 25 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্কে দেখা করার অনুদান (Meet in New York Grant); এবং 25 মিলিয়ন মার্কিন ডলারের আই লাভ NY (I LOVE NY) বৈশ্বিক মার্কেটিং ক্যাম্পেইন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418